অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

অফিসের প্রথম দিনে, গভর্নর হোচুল এই শরতে নিরাপদে, উৎপাদনশীলভাবে স্কুলে ফেরার জন্য একটি বিস্তৃত পরিকল্পনার কথা ঘোষণা করেছেন

স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছেন সমস্ত স্কুলে একটি সার্বজনীন মাস্কের প্রয়োজনীয়তা প্রবর্তন করতে

স্কুলের কর্মচারীদের জন্য টিকা সরকারীভাবে বাধ্যতামূলক করতে গভর্নর বিকল্প দেখছেন

কংটিগুলি এবং BOCES এর সাথে অংশীদারিত্বে স্কুলগুলিতে ক কোভিড-19 পরীক্ষা কর্মসূচী শুরু করেছেন $585 ফেডারল অর্থ ব্যবহার করে

মার্কিন স্বাস্থ্য দপ্তর এবং হিউমান সার্ভিসেস, রাইট এইড এবং বায়োরেফারেন্সের সাথে অংশীদারিত্বে অতিরিক্ত ব্যাক-টু-স্কুল পরীক্ষার কর্মসূচী প্রতিষ্ঠা করেছেন এবং ছাত্রদের ও শিক্ষকদের জন্য লক্ষ্য লক্ষ মাস্ক জোগাড় করেছেন

অফিসের প্রথম দিনে, গভর্নর হোচুল ডেল্টা ভেরিয়েন্ট দ্বারা উদ্দীপিত ক্রমবর্ধমান ক কোভিড-19 (COVID-19) এর সংখ্যার মধ্যে এই শরতে নিরাপদে, উৎপাদনশীলভাবে স্কুলে ফেরার জন্য একটি বিস্তৃত পরিকল্পনার কথা ঘোষণা করেছেন। এই পরিকল্পনার অংশ হিসাবে, গভর্নর হোচুল নিউইয়র্ক স্বাস্থ্য বিভাগকে নির্দেশ দিয়েছেন যে কমিশনারের বিবেচনার ভিত্তিতে প্রয়োজনীয় সব সরকারি, বেসরকারি স্কুলে সার্বজনীন মাস্কের আবশ্যকতা প্রবর্তন করতে। জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা পরিষদ দ্বারা প্রতিষ্ঠিত নিয়ন্ত্রক পদক্ষেপের মাধ্যমে স্বাস্থ্য বিভাগ এই আবশ্যকতা জারি করবে।

গভর্নর হোচুল স্কুল কর্মচারীদের জন্য টিকা বাধ্যতামূলক করার জন্য বা টিকার অনুপস্থিতিতে সাপ্তাহিক পরীক্ষার প্রয়োজনের বিকল্পগুলিও খতিয়ে দেখবেন এবং এই আদেশ প্রতিষ্ঠার বিষয়ে স্বাস্থ্য বিভাগ, শিক্ষার স্টেকহোল্ডার এবং আইনসভার সঙ্গে কাজ চালিয়ে যাবেন।

"গভর্নর হিসাবে, এখন আমার অগ্রাধিকারগুলি হল নিউ ইয়র্কের মানুষের অগ্রাধিকার - এবং ঠিক এখন এর অর্থ ডেল্টা ভেরিয়েন্টের সাথে লড়াই করা," **গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমার প্রথম অগ্রাধিকার হল শিশুদের স্কুলে ফিরিয়ে আনা এবং পরিবেশ রক্ষা করা যাতে তারা নিরাপদে শিখতে পারে। আমি অবিলম্বে স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিচ্ছি যে আমাদের স্কুলে যারা প্রবেশ করবেন তাদের জন্য সার্বজনীনভাবে মাস্ক পরার নিয়ম প্রতিষ্ঠা করতে, এবং আমরা শিক্ষার্থীদের এবং কর্মীদের জন্য পরীক্ষা করানো বিস্তৃতভাবে উপলব্ধ এবং সুবিধাজনক করার

জন্য একটি ব্যাক-টু-স্কুল ক কোভিড-19 পরীক্ষার কার্যক্রম শুরু করছি। আমরা সাপ্তাহিক পরীক্ষা করার বিকল্প সহ সমস্ত স্কুল কর্মীদের জন্য টিকা আবশ্যক করার জন্যও কাজ করছি, এবং আমরা সরকারের সমস্ত স্তরের সাথে অংশীদারিত্বের মাধ্যমে কাজ করে এগুলি সম্পন্ন করতে চলেছি।"

শিক্ষার্থীদের স্কুলে ফেরার সাথে সাথে পরীক্ষার সুযোগ উপলব্ধ রয়েছে তা নিশ্চিত করার জন্য, গভর্নর হোচুল নিউ ইয়র্ক সিটির বাইরে নিউ ইয়র্ক রাজ্যের স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং BOCES-এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে একটি নতুন ক কোভিড-19 পরীক্ষার স্কুল কর্মসূচী চালু করতে 335 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল অর্থ ব্যবহার করছেন। উপরন্তু, নিউ ইয়র্ক সিটি সেখানকার স্কুলের প্রোগ্রামে একটি ক কোভিড-19 পরীক্ষা শুরু করার জন্য সরাসরি 225 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে, এই প্রোগ্রামগুলিকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেট মোট 585 মিলিয়ন মার্কিন ডলার মোট ফেডারেল অর্থ প্রাপ্ত হয়েছে।

2021-2022 স্কুল বর্ষ শুরুর আগে নিউ ইয়র্ক স্টেট পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্য পরীক্ষা আরও ব্যাপকভাবে উপলব্ধ করার জন্য গভর্নর হোচুল মার্কিন স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ, রাইট এইড এবং বায়ো রেফারেন্সের এর সাথে অংশীদারিত্বে একটি অতিরিক্ত ব্যাক-টু-স্কুল ক কোভিড-19 পরীক্ষার কার্যক্রমও চালু করেছেন।

115 রাইট এইড ড্রাইভ-থ্রু অবস্থানে K-12 গ্রেডে নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট উপলব্ধ হবে। ছাত্রদের অনলাইনে প্রাক-নিবন্ধন করা আবশ্যক এবং পরীক্ষার জন্য একটি সময়ের স্লট নির্ধারণ করা আবশ্যক। 17 বছর বা তার কম বয়সী শিক্ষার্থীদের অবশ্যই পিতামাতার বা আইনি অভিভাবকের সম্মতি থাকতে হবে এবং ড্রাইভ-থরুয়ের মাধ্যমে পরীক্ষার সময় একজন অভিভাবক সাথে থাকতে হবে। শিক্ষার্থীদের স্কুলে আনার জন্য ডিজিটাল ফলাফল পিতামাতার কাছে সরবরাহ করা হবে। ক কোভিড-19 পরীক্ষা স্বেচ্ছাধীন এবং শিক্ষার্থীর পরিবার বা স্কুল জেলাকে বিনামূল্যে প্রদান করা হবে।

এই নতুন পরীক্ষার কর্মসূচীগুলি ছাড়াও, নিউ ইয়র্ক রাজ্যে 4.3 মিলিয়নেরও বেশি শিশু-আকারের কাপড় যুক্ত মাস্ক, আনুমানিক 10 মিলিয়ন প্রাপ্তবয়স্ক-আকারের কাপড় যুক্ত মাস্ক এবং প্রায় 55 মিলিয়ন নন-সার্জিকাল মাস্ক উপলব্ধ আছে রাজ্য জুড়ে স্কুলগুলিতে শিক্ষার্থীদের এবং শিক্ষকদের জন্য।

রাজ্যের স্বাস্থ্য কমিশনার ড: হাওয়ার্ড জুকার বলেন, "আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার হল কোভিড-19 এর সাথে এক সাথে লড়াইয়ের সময় আমাদের শিক্ষার্থী এবং শিক্ষকদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করা। জুলাইয়ের শুরু থেকে, নিউ ইয়র্কে কোভিড-19 কেস 10 গুণ বেড়েছে এবং সিকোয়েন্সড পজিটিভ কেসের 95 শতাংশ ডেল্টা ভেরিয়েন্ট বলে নিশ্চিত করা হয়েছে। ঘটনা এবং বিস্তারের উপর ভিত্তি করে, আমাদের অনুসন্ধানগুলি এই মাস্কের প্রয়োজনীয়তা সহ স্তরযুক্ত প্রতিরোধ কৌশলগুলির প্রয়োজনীয়তা প্রদর্শন করে। যদিও প্রতিরোধের একটি সহজ পরিমাপ, এখন আমাদের শিশুদের স্বাস্থ্য সুরক্ষার জন্য এবং এই শরতে আমরা আমাদের শিক্ষার্থীদের তাদের স্কুলে ফিরিয়ে আনতে পারি তা নিশ্চিত করার জন্য এখন মাস্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

শিক্ষা কমিশনার ড: বেটি এ. রোজা বলেন, "মহামারী শুরুর সময় থেকে, আমাদের শিক্ষার্থী, শিক্ষক এবং স্কুল কর্মীদের স্বাস্থ্য এবং সুরক্ষা আমাদের শীর্ষ অগ্রাধিকার হয়ে থেকেছে। রাজ্য জুড়ে কোভিড ভেরিয়েন্টের কেস বৃদ্ধির সাথে সাথে, শিক্ষাবিদদের সাথে পরামর্শের পরে গর্ভনর হোচুলের পদক্ষেপ, আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুস্থতার প্রতি তার অঙ্গীকার এবং আমাদের স্কুল খোলা রাখার গুরুত্বের প্রমাণ দেয়। রাজ্যের শিক্ষা বিভাগ স্কুলে মাস্ক পরার প্রয়োজনীয়তার একটি ধারাবাহিক প্রয়োগ সমর্থন করে, যা কোভিড ভেরিয়েন্টের বিস্তারের বিরুদ্ধে প্রতিরক্ষার একটি সাধারণ রেখা প্রদান করে স্কুলে প্রত্যাবর্তন সহজ করে। আমি সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য বর্ধিত শিক্ষার সুযোগের উপর আমাদের ভাগ করা ফোকাসের সমর্থনে গভর্নর হোচুলের সাথে আমাদের সহযোগিতা অব্যাহত রাখার জন্য সাগ্রহে অপেক্ষারত।"

বোর্ড অব রিজেন্টস চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র বলেন, "বোর্ড এবং আমি গভর্নর হোচুলের প্রশংসা করি শিক্ষার্থী এবং শিক্ষক, উভয়কেই সমর্থন করার উদ্দেশ্যে স্কুলের জন্য রাজ্যব্যাপী মাস্ক ব্যবহারের আদেশ জারি করে। আমাদের স্কুলে কোভিড এর সংক্রমণ সীমাবদ্ধ করার জন্য আমাদের ক্ষমতায় যা আছে তার সবই করতে হবে যাতে শিক্ষার্থীরা সারা বছর ধরে সশরীরে শিক্ষা পেতে পারে। শিক্ষার্থী, শিক্ষক এবং কর্মীদের মুখোশ পরা আবশ্যক করা সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য সঠিক কাজ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন